

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট  
১৪/২ তোপখানা রোড (৪র্থ তলা), ঢাকা-১০০০  
www.heu.gov.bd

স্মারক নং: ৪৫.০৫.০০০০.০০৭.২৯.০০১.১৯.৫৭০

তারিখ: ০২/১১/২০২৩ খ্রি:


**বিষয়ঃ শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচী (এসএসকে) সেবা প্রদান সংক্রান্ত অংশীজনের সাথে মতবিনিময় কর্মশালা।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০৩০ সালের মধ্যে দেশে সর্বজনীন স্বাস্থ্যসেবা অর্জনের লক্ষ্যকে সামনে রেখে সরকার "স্বাস্থ্য খাতে অর্থায়ন কৌশলপত্র ২০১২-২০৩২ প্রণয়ন করেছে। উক্ত কৌশলপত্রের আলোকে দারিদ্র্যসীমার নিচে বসবাসকারীদের হাসপাতালভিত্তিক সেবা গ্রহণের ক্ষেত্রে নিজ পকেট থেকে ব্যয় (Out of Pocket Expenditure) হ্রাসপূর্বক আর্থিক প্রতিবন্ধকতা দূরীকরণ এবং তাদেরকে চিকিৎসা সংক্রান্ত বিপর্যয়মূলক ব্যয় (Catastrophic Health Expenditure) থেকে রক্ষা করার উদ্দেশ্যে ২০১৬ সালের মার্চ মাস থেকে পরীক্ষামূলক ভাবে টাঙ্গাইল জেলায় স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচী (এসএসকে) চালু হয়েছে।

২। শহরাস্থলে স্বাস্থ্য অবকাঠামোর ভিন্নতা, সরকারি হাসপাতালে রোগীর অতিরিক্ত চাপ, জনমিতির ঘনত্ব ও তাঁদের দ্রুত কর্ম ও বাসস্থান পরিবর্তনসহ বিভিন্ন দিক বিবেচনায় সরকার ঢাকা মহানগরীতে এসএসকে সম্প্রসারণের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এসএসকে সম্প্রসারণের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় অত্র সেবা শুরু করার লক্ষ্যে চিহ্নিত হাসপাতালের অংশীজনের সাথে আলোচনা ও মতবিনিময়ের প্রয়োজন। উল্লেখ্য, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় এসএসকে সেবাদানের জন্য একটি চিহ্নিত প্রতিষ্ঠান।

৩। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় এসএসকে সেবা চালুকরণের লক্ষ্যে স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর ও শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালের সংশ্লিষ্ট অংশীজনের সমন্বয়ে আগামী ০৯/১১/২০২৩ খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকায় শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালের সম্মেলনক্ষেত্র একটি মতবিনিময় কর্মশালা অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে ড. মোঃ এনামুল হক, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ উপস্থিত থাকবেন। ডা. নন্দ দুলাল সাহা, পরিচালক (ভারপ্রাপ্ত), শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল উক্ত সভায় সভাপতি করবেন।

৪। কর্মশালায় নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য আমন্ত্রিত সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, কর্মশালায় উপস্থিত হওয়ার জন্য কর্মকর্তাগণ বিধি অনুযায়ী ভাতা প্রাপ্য হবেন।



(মোঃ সিরাজুল ইসলাম)

উপপরিচালক

স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

ফোনঃ +৮৮০২৯৫৮২৩৫৪

ইমেইলঃ dd3@heu.gov.bd

**বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. পরিচালক (ভারপ্রাপ্ত), শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল।
২. ড. সৈয়দা নওশীন পর্ণিানি, পরিচালক(গবেষণা), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
৩. উপপরিচালক, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল।

৪. সহকারী পরিচালক, হাসপাতাল ও ক্লিনিক সমূহ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫. সহকারী স্বাস্থ্য কর্মকর্তা, জোনাল অফিস, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. প্রতিনিধি, সিভিল সার্জন এর কার্যালয়, ঢাকা।
৭. ডাঃ মাখবী কর্মকার, জুনিয়র মেডিসিন কনসালটেন্ট, প্রতিনিধি, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
৮. হাসপাতাল সমাজ সেবা কর্মকর্তা, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল।
৯. মোঃ আজমল কবির, জাতীয় পরামর্শক, স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচী।
১০. মোঃ মেহেদী হাসান, সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
১১. মোঃ মিজানুর রহমান, জাতীয় জুনিয়র পরামর্শক, স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচী।

**অনুলিপি সদয় অবগতির জন্য:**

- ১। সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
- ২। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
- ৩। পরিচালক(গবেষণা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
- ৪। অফিস কপি।